

মুখবন্ধ

মুখে সমাজবাদের খুলি, অন্যদিকে সাধারণ মানুষের সব অধিকারকে কেড়ে নিতে উন্নততর সন্ত্রাসের খুলি হাতে সরকারি ক্ষমতাকে দলীয় কাডারদের কাজে নিযুক্ত করে দাসের চেয়েও ভয়াবহ অমানবিক দাসার যে বীজ বপন করেছে CPM সরকার বাংলায়, তার খেসারত দিতে আর কত জান-মান যাবে আমরা কেউ জানি না। উন্নয়ন না রক্তদান? কোনটা সঠিক উন্নয়নের ক্ষেত্রে যুক্তিসূক্ত তা ভেবে দেখার সময় এসেছে। ভেবে দেখার সময় এসেছে সঠিক উন্নয়ন যদি হয় তবে অনাহারের মৃত্যুমিছিল গ্রামবাংলা-সহ সারা বাংলার সরপি দিয়ে চলবে কেন?

কেনই বা সাধারণ মানুষের সব অধিকার কেড়ে নিয়ে মানুষকে করা হবে পদদলিত। কেনই বা গণতান্ত্রিক রাষ্ট্রে মানুষের অধিকারকে দমিয়ে দেওয়ার জন্য গণহত্যা-বন্দুক অথবা বুলডোজার চলবে।

গণতন্ত্র যখন কাঁদে, তখন গণতন্ত্র বাঁচাতে গণতান্ত্রিক আন্দোলনের সবচেয়ে শান্তিপূর্ণ পথ 'অনশন আন্দোলন' অত্যাচার ও স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে চায় বিচার।

সেই বিচারের পথ চেয়েই "কেন অনশন?" এই বইয়ের অবতারণা। খুবই সংক্ষিপ্তভাবে সময়ের অভাবে জনগণের জ্ঞাতার্থে লিপিবদ্ধ করলাম।

দোষ ত্রুটির সবটাই আমার। ধন্যবাদ দে'জ পাবলিশিং-এর কর্ণধার শ্রীসুধাংশুশেখর দে-কে।

তথ্য সংগ্রহে সাহায্য করার জন্য ধন্যবাদ শ্রীপার্শ্ব চট্টোপাধ্যায়কে। সমস্ত ছবি, যা এই বইয়ে ব্যবহৃত হয়েছে তা গোল্ডেন চ্যাটার্জির তোলা। তাঁকেও জানাই ধন্যবাদ।

১৯৬৪ স্যামসী